



(https://www.banglanews24.com)

যুক্তরাষ্ট্রে বঙ্গ সম্মেলনে বেসিস

আইসিটি ডেস্ক | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ১৪২০ ঘণ্টা, জুলাই ১২, ২০১৫

ছবি: সংগৃহীত

ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের টেক্সাসে শুরু হয়েছে নর্থ আমেরিকান বেঙ্গলি কনফারেন্স। ‘বঙ্গ সম্মেলন’ হিসেবে পরিচিত এই কনফারেন্সে অংশ নিয়েছে বাংলাদেশের সফটওয়্যার খাতের শীর্ষ সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)।

তিন দিনব্যাপী (১০ থেকে ১২ জুলাই) অনুষ্ঠিত এ সম্মেলনে বেসিস সভাপতি শামীম আহসান প্রতিনিধি দলকে নেতৃত্ব দিচ্ছেন। প্রতিনিধি দলে রয়েছেন বেসিসের সহ-সভাপতি এম রাশিদুল হাসান ও যুগ্ম-মহাসচিব মোস্তাফিজুর রহমান সোহেল।

এছাড়া বেসিসের সদস্যভুক্ত চটি প্রতিষ্ঠান এতে অংশ নিয়েছে নিজেদের পণ্য ও সেবা প্রদর্শন করছে। প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে ক্রান্তি অ্যাসোসিয়েটস লিমিটেড, রিভেরি কর্পোরেশন লিমিটেড, সাউথটেক লিমিটেড, সার্ভিস ইঞ্জিন লিমিটেড, ইউবিক কর্পোরেশন লিমিটেড, টেকনোলজি সল্যুশন লিমিটেড, আর্ক বাংলাদেশ লিমিটেড ও বিয়ন্ড টেকনোলজিস।

বিদেশে আইসিটি খাতে বাংলাদেশকে ব্র্যান্ডিংয়ের লক্ষ্যে ‘বাংলাদেশ নেস্ট’ স্লোগানকে সামনে রেখে সম্মেলনে বেসিসের পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) অংশ নিয়েছে।

সম্মেলনে অংশগ্রহণ সম্পর্কে বেসিসের সভাপতি বলেন, প্রবাসে বাঙালিদের অন্যতম বড় আয়োজন হলো বঙ্গ সম্মেলন। ভারতীয় বাঙালিদের আয়োজনে অনুষ্ঠিত এই সম্মেলনে এবারই প্রথম বাংলাদেশি কোম্পানিগুলো তাদের পণ্য ও সেবা প্রদর্শনের সুযোগ পাচ্ছে। পাশাপাশি এখানে স্থানীয় ব্যবসায়ীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হচ্ছে বিজনেস ফোরাম।

তিনি আরো জানান যে এই ফোরামে বিদেশি ও প্রবাসী বাংলাদেশিদের বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগে আগ্রহী করতে বেসিসের পক্ষ থেকে একটি প্রেজেন্টেশন দেওয়া হয়েছে। এই সম্মেলনের মাধ্যমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যবসা সম্প্রসারণের সুযোগ পাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

উল্লেখ্য, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেননের নেতৃত্বে রিহাব, বিজিএমইএ, পর্যটন কর্পোরেশনের প্রতিনিধিরাও এতে অংশ নিয়েছেন।

বাংলাদেশ সময়: ১৪২০ ঘণ্টা, জুলাই ১২, ২০১৫

এসজেডএম

সম্পাদক : জুয়েল মাজহার

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) সম্পাদক ইমেইল: editor@banglanews24.com (mailto:editor@banglanews24.com)

Marketing Department: +880 961 212 3131 Extension: 3039 E-mail: marketing@banglanews24.com (mailto:marketing@banglanews24.com)

কপিরাইট © 2006-2023 banglanews24.com | একটি ইন্সট-ওয়েস্ট মিডিয়া গ্রুপের (ইডব্লিউএমজিএল) প্রতিষ্ঠান